গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩(অংশ-১)/২০১০/৫৭৭

তারিখঃ ২৫/১০/২০১৪ইং

প্রতি,

১। নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা ঃ..........................।

২। উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা ঃ ........................।
জেলা ঃ..........................।

বিষয়ঃ **e-GP পদ্ধতিতে দরপত্র আহ্বানের ক্ষেত্রে সংশ্লিষ্ট দরপত্র সংক্রান্ত পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের তথ্য সিষ্টেমে সন্নিবেশকরণ প্রসংগে।**

সূত্রঃ স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৪৭/২০০৮/৮৭১ তারিখঃ ২২/০১/২০১৩ ইং।

বর্ণিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে এলজিইডি'র উল্লেখযোগ্য সংখ্যক দরপত্র e-GP পদ্ধতির মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। তবে জেলা ও উপজেলা পর্যায় হতে আহ্বানকৃত অধিকাংশ দরপত্রের ক্ষেত্রে সংশ্লিষ্ট দরপত্র সংক্রান্ত পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের তথ্য e-GP তে সন্নিবেশ না করায় সিষ্টেমে বিষয়টি নেতিবাচক রিপোর্ট হিসাবে প্রদর্শিত হচ্ছে। উল্লেখ্য, ইতোপূর্বে এলজিইডি'র e-GP পদ্ধতিতে আহ্বানকৃত সকল দরপত্রের ক্ষেত্রে Tender Notice সূত্রস্থ স্মারকে Abridged Format এ বিজ্ঞপ্তি আকারে জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের নির্দেশনা দেয়া হয়েছিল। তদানুযায়ী পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশিত হলেও, বিষয়টি সম্পর্কে পরিপূর্ণ জ্ঞাত না থাকায় অধিকাংশ ক্রয়কারী e-GP পদ্ধতিতে দরপত্র প্রকাশের পর সিষ্টেমে বিজ্ঞাপন প্রকাশের তথ্য প্রদান করছেন না।

এমতাবস্থায়, সকল ক্রয়কারীর দপ্তর হতে ইতোপূর্বে আহ্বান করা হয়েছে (ইতোমধ্যে চুক্তি সম্পাদিত হয়েছে ও বিভিন্ন পর্যায়ে দরপত্র প্রক্রিয়াধীন আছে) ও পরবর্তীতে আহ্বান করা হবে এরূপ সকল দরপত্রের পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের তথ্য সংযুক্ত গাইড লাইন অনুযায়ী অবিলম্বে e-GP তে যথাযথভাবে সন্নিবেশ করার জন্য নির্দেশনা দেয়া হ'ল। এ বিষয়ে অধিকতর প্রয়োজনীয় সহযোগীতার জন্য এলজিইডি'র প্রকিউরমেন্ট ইউনিটের সহায়তা নেয়ার জন্য বলা হ'ল।

সংযুক্তঃ গাইড লাইন - ২ (দুই) পৃষ্ঠা।

২৬/১০/২০১৪
(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রধান প্রকৌশলী

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (শিক্ষা/রক্ষণাবেক্ষণ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ..................... অঞ্চল, জেলাঃ.....................।
৪। প্রকল্প পরিচালক (সকল)...................................... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
(২-৪: সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন প্রতিবেদনের Reviewer হিসাবে দায়িত্বপালনকালে বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ করা হ'ল।)
৫। জনাব ......................................................................,সদস্য, e-GP/PROMIS Cell।

D:\e-GP Letter\e-GP Letter.docx